

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো
এফএ অ্যান্ড এমআইএস উইং
পরিসংখ্যান ভবন
ই-২৭/এ, আগারগাঁও, ঢাকা-১২০৭
www.bbs.gov.bd

স্মারক নং-৫২.০১.০০০০.১০১.১৪.০১০.২৩-১৭০৮

তারিখ: ০৪/১১/২০২৩ বঙ্গাব্দ
১১/১১/২০২৩ খ্রি.

বিষয়: বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্ম পরিকল্পনা ২০২২-২৩ এর কার্যক্রম ১.১ অনুসারে গঠিত পরিবীক্ষণ কমিটির সভার কার্যবিবরণী

আহ্বায়ক : জনাব এস. এম. আনিসুজ্জামান, পরিচালক (ভারপ্রাপ্ত), এফএ এন্ড এমআইএস উইং
সভার তারিখ : ১৪-০৬-২০২৩ খ্রি.
সভার স্থান : পরিচালক, এফএ এন্ড এমআইএস উইং এর অফিস কক্ষ, বিবিএস, ঢাকা
সময় : ১০:৩০ ঘটিকা
উপস্থিতি : পরিশিষ্ট 'ক'।

০১। সভার প্রারম্ভে সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। সভার আলোচ্যসূচি অনুযায়ী সদস্যদের মধ্যে নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচ্যসূচি-ক) অনুযায়ী বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen Charter) হালনাগাদকরণ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। সদস্য সচিব জানান যে, অবসর, মৃত্যু, পদোন্নতি অথবা বদলীজনিত কারণে সিটিজেন চার্টারে উল্লিখিত সেবাসমূহ প্রদানে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা পরিবর্তন হতে পারে। এ পরিপ্রেক্ষিতে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণের নাম, পদবী, ফোন ও ইমেইল হালনাগাদ করা প্রয়োজন। এছাড়া হালনাগাদকৃত সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen Charter) বিবিএস এর ওয়েবসাইটে আপলোড করা প্রয়োজন মর্মে সভাপতি নির্দেশনা প্রদান করেন।

আলোচ্যসূচি-খ) অনুযায়ী সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্ম পরিকল্পনা, ২০২৩-২৪ বিষয়ক আলোচনা হয়। সদস্য সচিব জানান যে, মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রণীত মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর/পরিদপ্তরের জন্য সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক কর্মপরিকল্পনা ২০২৩-২৪ এ ৪টি কার্যক্রম অন্তর্ভুক্ত করা হয়েছে। কার্যক্রমসমূহ নিম্নরূপ:

[১.১] ত্রৈমাসিক ভিত্তিতে নিজ দপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ।

[১.২] ত্রৈমাসিক ভিত্তিতে আওতাধীন দপ্তর /সংস্থার সেবা প্রদান প্রতিশ্রুতি তদারকির মাধ্যমে হালনাগাদ নিশ্চিতকরণ। আওতাধীন দপ্তর /সংস্থা না থাকলে সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভা আয়োজন।

[২.১] সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে আওতাধীন দপ্তর /সংস্থার সমন্বয়ে ত্রৈমাসিক ভিত্তিতে সভা আয়োজন। আওতাধীন দপ্তর /সংস্থা না থাকলে সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন বিষয়ক ত্রৈমাসিক প্রতিবেদন প্রণয়ন।

[২.২] সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে নিজ দপ্তর এবং আওতাধীন দপ্তর /সংস্থার কর্মকর্তা কর্মচারীদের জন্য প্রশিক্ষণ/কর্মশালা/সেমিনার আয়োজন। আওতাধীন দপ্তর /সংস্থা না থাকলে নিজ দপ্তরে সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক প্রশিক্ষণ/কর্মশালা/সেমিনার আয়োজন এবং সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন অগ্রগতি বিষয়ক সার্বিক প্রতিবেদন প্রেরণ।

উপরিউক্ত কার্যক্রমসমূহ যথাযথভাবে সম্পাদনের মাধ্যমে সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্ম পরিকল্পনা, ২০২৩-২৪ এ পূর্ণ নম্বর অর্জন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন মর্মে সভাপতি মত প্রদান করেন। সভার সকলে এ বিষয়ে একমত পোষণ করেন।

আলোচ্যসূচি গ) অনুযায়ী বিবিধ বিষয়ে সদস্য সচিব জানান যে, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর "সেবা প্রদান প্রতিশ্রুতি" সেবাবক্স টি হালনাগাদ নয়। সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন এর ফোকাল পয়েন্ট কর্মকর্তার অফিস আদেশ, পরিবীক্ষণ কমিটির অফিস আদেশ, সভার বিজ্ঞপ্তি, কার্যবিবরণী বিবিএস এর ওয়েবসাইটে আপলোড করা প্রয়োজন। বিবিএস এর ওয়েবসাইটে "সেবা প্রদান প্রতিশ্রুতি" সেবাবক্স টি হালনাগাদের নিমিত্ত সংশ্লিষ্ট ডকুমেন্টসমূহ কম্পিউটার উইং এ প্রেরণ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে মর্মে সভাপতি মত প্রদান করেন। সভার সকলে এ বিষয়ে একমত পোষণ করেন।

১৮

A


০২) সভায় আলোচনার প্রেক্ষিতে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়:

২.১) সিটিজেন চার্টারে উল্লিখিত সেবাসমূহ প্রদানে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণের নাম, পদবী, ফোন ও ইমেইল হালনাগাদ করতে হবে। হালনাগাদকৃত সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen Charter) বিবিএস এর ওয়েবসাইটে আপলোড করতে হবে।

২.২) সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্ম পরিকল্পনা, ২০২৩-২৪ এ বর্ণিত কার্যক্রমসমূহ যথাযথভাবে সম্পাদন করতে হবে।

২.৩) সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন এর ফোকাল পয়েন্ট কর্মকর্তার অফিস আদেশ, পরিবীক্ষণ কমিটির অফিস আদেশ, সভার বিজ্ঞপ্তি, কার্যবিবরণী বিবিএস এর ওয়েবসাইটে “সেবা প্রদান প্রতিশ্রুতি” সেবাবক্সে আপলোড করতে হবে।

০৩। সভায় আর কোর আলোচনা না থাকায় অর্থপূর্ণ ফলপ্রসূ সভা অনুষ্ঠানের জন্য উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভাপতি সভার পরিসমাপ্তি ঘোষণা করেন।



এস. এম. আনিসুজ্জামান
পরিচালক (ভারপ্রাপ্ত)
এফএ এন্ড এমআইএস উইং

ও

আল্হায়ক, পরিবীক্ষণ কমিটি

বিতরণঃ (দ্রষ্টতার ক্রমানুসারে নয়)

- ১) জনাব মোঃ সাইদুর রহমান, যুগ্মপরিচালক, এফএ এন্ড এমআইএস উইং, বিবিএস।
- ২) জনাব মেহেনাজ তাবাসসুম, উপপরিচালক, এফএ এন্ড এমআইএস উইং, বিবিএস।
- ৩) জনাব আতিয়া বিলকিস, পরিসংখ্যান কর্মকর্তা, কম্পিউটার উইং, বিবিএস।
- ৪) ব্যক্তিগত সহকারী, পরিচালক (ভারপ্রাপ্ত) মহোদয়ের দপ্তর, এফএ এন্ড এমআইএস উইং, বিবিএস।

সদয় অবগতির জন্য অনুলিপিঃ

- ১) উপসচিব, প্রশাসন-৩ ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা, সেবা প্রদান প্রতিশ্রুতি, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ।
- ২) স্টাফ অফিসার, মহাপরিচালক এর দপ্তর, বিবিএস, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৩) স্টাফ অফিসার, উপমহাপরিচালক এর দপ্তর, বিবিএস, ঢাকা (উপমহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৪) অফিস কপি।